

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
সংস্কার শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mora.gov.bd](http://www.mora.gov.bd)



নম্বর-১৬.০০.০০০০.০২০.৩১.০০২.২২.৬৬৫

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯  
২৯ সেপ্টেম্বর ২০২২


### অফিস আদেশ

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩০.০৯.২০২০ তারিখের স্মারক নম্বর-০৪.০০.০০০০.০২০.০১.০০৩.২০ মোতাবেক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের জারিকৃত অফিস আদেশ নম্বর-১৬.০০.০০০০.০২০.২৯.০০১.২০.১০৩ আংশিক সংশোধনক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণসহ এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হলো:

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি	আহ্বায়ক/ সদস্য/ সদস্য-সচিব
১.	যুগ্মসচিব (সংস্থা)	আহ্বায়ক
	সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা	সদস্য
২.	প্রোগ্রামার, আইসিটি শাখা	সদস্য
৩.	সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা	সদস্য
৪.	হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা	সদস্য
৬.	সিনিয়র সহকারী সচিব, সংস্কার শাখা	সদস্য সচিব

০২। কমিটির কর্মপরিধি: কমিটি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম যাচাইপূর্বক হালনাগাদ করবে এবং ত্রৈমাসিকভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সদস্য সচিব বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত কমিটি গঠন করা হলো।

  
(আজম উদ্দীন তালুকদার)  
সহকারী সচিব  
ফোন: ৫৫১০১১৬৮  
e-mail: moragovbd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মো: মুনিম হাসান, অতিরিক্ত সচিব (সংস্থা ও আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩. জনাব মোহাম্মদ কুদ্দুছ আলী সরকার, যুগ্মসচিব (সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪. জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৬. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জনাব মোহাম্মদ নাজমুল হাসান, প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।